



জনসংযোগ কার্যালয়
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১ ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২
ওয়েবসাইট: www.juniv.edu



প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
৩১ জুলাই প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা শুরু ॥
১৮৮৮ আসনের বিপরীতে আবেদনকারীর সংখ্যা ২৮৪৬০৬ জন

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ২৮ জুলাই ২০২২।

আগামী ৩১ জুলাই ২০২২ তারিখ থেকে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ২০২১-২০২২ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) শ্রেণিতে প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা শুরু হবে। ৪ আগস্ট ২০২২ তারিখে ভর্তি পরীক্ষা শেষ হবে। মোট ১৮৮৮টি আসনের বিপরীতে ২ লাখ ৮৪ হাজার ৬০৬ জন ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করছে। ভর্তি পরীক্ষার ১ম শিফট শুরু হবে সকাল নয়টায়।

৩১ জুলাই প্রথম দিনে 'সি' ইউনিটভুক্ত কলা ও মানবিকী অনুষদ এবং বঙ্গবন্ধু তুলনামূলক সাহিত্য ও সংস্কৃতি ইনস্টিটিউটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। 'সি' ইউনিটে আসন সংখ্যা ৪৬৬টি। আবেদনকারীর সংখ্যা ৫৩ হাজার ৪৩০ জন। ১ আগস্ট 'বি' ইউনিটভুক্ত সমাজবিজ্ঞান অনুষদ ও আইন অনুষদের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। 'বি' ইউনিটের আসন সংখ্যা ৩৮৬টি। আবেদনকারীর সংখ্যা ৪৮ হাজার ৩৪৮ জন। ২ আগস্ট 'এ' ইউনিটভুক্ত গাণিতিক ও পদার্থ বিষয়ক অনুষদ এবং ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি'র ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ৩ আগস্ট সকালে ১ম শিফটেও এই ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। 'এ' ইউনিটে আসন সংখ্যা ৪৬৬টি। আবেদনকারীর সংখ্যা ৭৬ হাজার ৩৭৯ জন। ৩ আগস্ট 'ডি' ইউনিটভুক্ত জীববিজ্ঞান অনুষদের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ৪ আগস্ট ১ম, ২য় এবং ৩য় শিফটেও এই ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। 'ডি' ইউনিটে আসন সংখ্যা ৩২০টি। আবেদনকারীর সংখ্যা ৮৭ হাজার ৭২৮ জন। ৪ আগস্ট 'ই' ইউনিটভুক্ত বিজনেস স্টাডিজ অনুষদ ও ইনস্টিটিউট অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন, আইবিএ-জে ইউ-এর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। 'ই' ইউনিটে আসন সংখ্যা ২৫০টি। আবেদনকারীর সংখ্যা ১৮ হাজার ৭২১ জন।

ভর্তি পরীক্ষার বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের ভর্তি সম্পর্কিত ওয়েবসাইট juniv-admission.org এ পাওয়া যাচ্ছে।

ড. মোহাম্মদ মহিউদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)